

প্রধানমন্ত্রীর কাছ থেকে দাউদকান্দিতে শিক্ষক গ্রেফতার

■ দাউদকান্দি (কুমিল্লা) প্রতিনিধি
প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের
সাবেক প্রধানমন্ত্রী মনমোহন সিংকে
নিয়ন্ত্রিত করণ মন্তব্য ও বিকৃত ছবি
ফেসবুকে প্রকাশ করায় সোমবার রাত
দেড়টায় এক সহকারী শিক্ষককে
গ্রেফতার করা হয়েছে। অভিযুক্ত শিক্ষক
কামরুজ্জামান দাউদকান্দি উপজেলার
গৌরীপুর সুবল আফতার উচ্চ
বিদ্যালয়ের শরীরচর্চা শিক্ষক। তিনি
বরিশালের কোতোয়ালি থানার ইছাপুরা
গ্রামের রতন আলী খানের ছেলে।

গৌরীপুর হাইস্কুলের প্রধান শিক্ষক
মো. সেলিম মিয়া জানান,
কামরুজ্জামান শিক্ষক হয়ে যে ধরনের
কাজ করেছেন, এতে পুরো শিক্ষক
সমাজকে কলঙ্কিত করা হয়েছে। তার
দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন তিনি।
দাউদকান্দি উপজেলা পরিষদের
চেয়ারম্যান মেজর (অব.) মোহাম্মদ
আলী সুমন বলেন, দাউদকান্দির
মাটিতে কেউ যাতে রাষ্ট্রদ্রোহী
কার্যকলাপ করতে না পারে সেদিকে
কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য প্রশাসনকে
নির্দেশ দেওয়া হয়েছে। দাউদকান্দি
মডেল থানার ওসি মোহাম্মদ আবু
ছালাম মিয়া বলেন, গ্রেফতারকৃত
শিক্ষকের বিরুদ্ধে তথ্যপ্রযুক্তি আইনে
একটি মামলা হয়েছে।